

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো-২য় পর্যায় (১ম সংশোধিত)  
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং-৪২.৬২.০০০০.৯৬৬.০০.০০১.১৯. ২০২৬


তারিখঃ ০৩/০৮/২০২৩খ্রিঃ

অফিস আদেশ

অত্যন্ত উদ্বেগের সাথে লক্ষ্য করা যাচ্ছে যে, প্রকল্পের সুফলভোগীদের ঋণ বিতরণ প্রক্রিয়াকরনের সময় কিছু কিছু মাঠ সংগঠক অত্যন্ত সুকৌশলে সুফলভোগী সদস্যদের সরলতার সুযোগ নিয়ে অধিক পরিমাণ ঋণ প্রলোভন দেখিয়ে তাদের কাছ থেকে অগ্রীম চেক গ্রহণ করে পরবর্তীতে নিজে নগদায়ণ করে সুফলভোগীদের অর্থ আত্মসাৎ করছেন। পাশাপাশি কিছু কিছু উপজেলার মাঠ সংগঠকগণ সুফলভোগীদের কাজ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ ঐ দিন বিকেলে বা পরদিন সকালে ব্যাংকে জমা না দিয়ে বা আংশিক জমা দিয়ে একটি বড় অংকের অর্থ তাদের কাছে গচ্ছিত রেখে অর্থ আত্মসাৎ করছেন। উপরিলিখিত বিষয়সমূহ যাতে না ঘটে তা তদারকীর জন্য ইউআরডিও প্রকল্পের এআরডিও, হিসাব সহকারীগণের সার্বক্ষণিক মনিটরিং এর নির্দেশনা থাকলে তাদের উপর অর্পিত দায়িত্বের প্রতি অবজ্ঞা ও অবহেলার কারণে এসব ভীতিকর ঘটনা ঘটছে বলে প্রতীয়মান। এহেন উদ্ভূত পরিস্থিতিতে ঋণ কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের স্বার্থে ঋণ বিতরণকালীন সুফলভোগী সদস্যগণ যাতে কোন ভাবে প্রভাবিত না হয় তা দায়িত্বরত ইউআরডিও এবং এআরডিওগণ কঠোরভাবে মনিটরিং করবেন এবং মাঠ থেকে আদায়কৃত ঋণ ও সঞ্চয়ের অর্থ ঐ দিন বা পরদিন সকালের মধ্যেই ব্যাংকে জমা নিশ্চিত করতে হবে। যথাযথ মনিটরিং ও দায়িত্বে অবহেলার কারণে কোনরূপ অঘটন সংঘটিত হলে তার দায়ভার প্রকল্পের এআরডিও ও প্রযোজ্য ক্ষেত্রে ইউআরডিও উপর বর্তাবে।

২। প্রকল্পের এআরডিওগণ নিয়মিতভাবে প্রতি সপ্তাহে প্রতি মাঠ সংগঠকের দায়িত্বপ্রাপ্ত সমিতি হতে দৈবচয়নের ভিত্তিতে ন্যূনতম ২টি করে সমিতির আর্থিক কার্যক্রম যাচাই করতে হবে। যাচাই না করার কারণে মাঠ সংগঠক কর্তৃক কোন ধরনের আর্থিক অনিয়ম/আত্মসাতের মত কোন ঘটনা পরিলক্ষিত হলে উক্ত আত্মসাতকৃত অর্থ এআরডিওদের কাছ থেকে আদায়যোগ্য হবে।

৩। প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
প্রকল্প পরিচালক  
ফোনঃ ০২-৮১৮০১৪৪

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল জেলা)।
২. উপপরিচালক (প্রোগ্রামিং), বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।
৫. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ -----, জেলাঃ -----(প্রকল্পভূক্ত সকল উপজেলা)।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।